

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উত্তিদ সংরক্ষণ উইং  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

কৃষি সমৃদ্ধি

স্মারক নং-১২.১১.০০০০.০১০.৩৯.০৯০.১৮ | ৩০৬(৮-৭)

তারিখঃ- ১৮/০২/২০২০

বরাবর,

অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
ঢাকা অঞ্চল।

বিষয়ঃ অনুমোদনহীন দোকান/ব্যাক্তি কর্তৃক বালাইনাশক মজুদ এবং বিপণন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালাইনাশক (পেষ্টিসাইড) আইন, ২০১৮ অনুযায়ী  
রেজিষ্ট্রেশন ও লাইসেন্সিং কোন ব্যবসায়ী বা কোন ব্যক্তি, কোন দোকানে বালাইনাশক মজুদ এবং বিক্রয় এমনকি  
আম্যুনানভাবে বালাইনাশক বিক্রয় করতে পারবেন না এবং এ ধরনের কার্যক্রম শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য হবে।  
সম্প্রতি একটি বেসরকারী টিভি চ্যানেলে প্রচারিত সংবাদ থেকে জানা যায় যে, একজন নারী এবং দুইজন শিশু  
অনুমোদিতভাবে বালাইনাশক ব্যবহার করায় দুর্ঘটনার শিকার হন যা অত্যন্ত দুঃখজনক। ফেরি করে বালাইনাশক বিক্রয়  
করা শাস্তিযোগ্য অপরাধ এবং এ রকম অনুমোদিত উৎস থেকে বালাইনাশক ক্রয় করা অনুচিত। অনুমোদনহীন  
দোকান/ব্যাক্তি কর্তৃক বালাইনাশক বিক্রয় এবং মজুদ বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো। একই  
সাথে অনুমোদিত দোকান থেকে বিধিমত বালাইনাশক ক্রয় করতে গনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের  
জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি আপনার অধীনস্ত সকল বালাইনাশক পরিদর্শক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের এবং উপসহকারী কৃষি কর্মকর্তাদের  
মাঝে ব্যাপক প্রচারের জন্য ব্যবস্থা নিতে বলা হলো।

১৮/০২/২০২০  
(এ,জেড,এম ছাবির ইব্নে জাহান)  
পরিচালক

উত্তিদ সংরক্ষণ উইং  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

ফ্রেন্টেন্ড-৯১৩১২৯৫  
১৮/০২/২০২০

অনুলিপি:

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা, মাঠ পর্যায়ে পরিপালনের সদয় নির্দেশ  
প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... অঞ্চল (সকল), সংশ্লিষ্টদের অবহিত করার  
অনুরোধসহ প্রেরিত হলো।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... অঞ্চল (সকল), সংশ্লিষ্টদের অবহিত করার  
অনুরোধসহ প্রেরিত হলো।
- ৫। উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... অঞ্চল (সকল), আপনার অধিক্ষেত্রে  
পরিপালনের জন্য জানানো হলো।
- ৬। উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,  
খামারবাড়ি, ঢাকা।
- ৭। নিয়ন্ত্রণ কক্ষ, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।